

অন্তর্বি 2.1 FEB 1987

পৃষ্ঠা... 11



উপজেলা পরিক্রমা বিশ্বস্তরপুর

বিশ্বস্তরপুর (সুনামগঞ্জ), ২০ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— বাতু প্রক্তির বেচিত্তময় প্রাণ ছোঁয়া মনোরম দৃশ্যের স্বর্ণলী আবেশ ও উপলক্ষ্মির উপজেলা বিশ্বস্তরপুর। হেমতের প্রাণময় সবুজতা, বর্ষার নদী ও হাওড়ের খোলাময় পানির জাঁথেই উচ্চাস, বাস্তবিকই অনুভূতিকেই অনুরণিত করে তোলে। উন্তরে আসামের মেঘালয়ের রূপসী পাহাড়গুলো, দক্ষিণে বিরাট করছার হাওড়ের বিস্তীর্ণ সবুজের সমরোহ, কিংবা অধৈ পানির ঢোখ ভুবানো গভীরতা— হৃদয়ের সব কটা ভাবনার বাতায়ন অনুভবে খোলে খোলে যায়।

সুনামগঞ্জ জেলা সদরের পশ্চিমে ২৪° ৫০' ও ২৫° ৫' উন্তর অক্ষাংশ, এবং ১১° ২১' ও ২২° পূর্ব দ্রাঘিমাংশের মধ্যবর্তী বিরাট করছার হাওড়ের তীরে উন্তর-পশ্চিম কোণে অবস্থিত। উন্তরে ভারতের মেঘালয় রাজ্য, দক্ষিণে জামালগঞ্জ ও সুনামগঞ্জ উপজেলা, পূর্বে সুনামগঞ্জ উপজেলা, এবং পশ্চিমে তাহিরপুর ও জামালগঞ্জ উপজেলা। বিশ্বস্তরপুর, উপজেলার দক্ষিণ-পশ্চিম এবং দক্ষিণ-পূর্ব নিম্নভূমি এবং উন্তর-পূর্ব ও উন্তর-পশ্চিম দিক অপেক্ষাকৃত উচ্চভূমিতে গঠিত। দক্ষিণ দিকের ভূমি নদী-নালা, ও হাওড় নিয়ে গঠিত।

কৃষি
শুকনা মওসুমে এ অঞ্চলে মৎস্য এবং ইরি বোরো, আমন, আউশ ফসল উৎপন্ন হয়। উন্তর দিকের উচু ভূমি ভারতের মেঘালয় রাজ্যের পাদদেশে অবস্থিত। এই সব এলোকা বালি মাটি দ্বারা গঠিত। পূর্বে উন্তর অঞ্চলের অধিকাংশ স্থান ছিল জঙ্গলাকীর্ণ। এভাবে ক্রমান্বয়ে জনবসতি গড়ে উঠে। এই উচু এলাকার এখন প্রচুর

আমন, আউশ ধানসহ সাক-সজী ও নানারকম ফলমূল উৎপন্ন হয়।

সুজলা, সুফলা, আজক্ষের বিশ্বস্তরপুর উপজেলাটি বাস্তবিকেই এক দিন সুবস্থান্তর ছিল।

পরিসংখ্যান

১১১০৩৭ বর্গ মাইল আয়তন বিশ্বস্তরপুর উপজেলার জনসমষ্টি হচ্ছে ৬০৫০৯। জনগুরুত্ব নিম্নোচ্চ হচ্ছে ১২১১৩৩ এবং ৬৫০ জন উপজাতি মোট ১২১১৩৩ জন। গ্রামের সংখ্যা ১৫৫টি, ইউনিয়ন ৩টি, ফতেপুর দহ বাদাঘাট এবং বৃহৎ পলাশ ইউনিয়ন। উচ্চ বিদ্যালয় ৫টি, ফতেপুর উচ্চ বিদ্যালয়, সার্কাসও উচ্চ বিদ্যালয়, কলায়া উচ্চ বিদ্যালয়, কাটাখালী উচ্চ বিদ্যালয় ও পলাশ উচ্চ বিদ্যালয়। জুনিয়র উচ্চ বিদ্যালয় ৩টি, লাতারগাঁও জুনিয়র উচ্চ বিদ্যালয়, ধনপুর ভুং উঃ বিঃ এবং বিশ্বস্তরপুর উচ্চ বিদ্যালয়। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৩টি, বেসরকারী প্রাঃ বিঃ ৯টি। শিক্ষিতের হার ২০%। উন্তর অনুমতি উপজেলায় ২টি হাওড়, ১২টি জলমহাল এবং ৫৭৫৮০ একর মোট জমি রয়েছে। মোট আবাদযোগ্য পাতিত জমির পরিমাণ ২৬৫০ একর। পেশা ভিত্তিক কৃষক পরিবার হচ্ছে ১৪০০০, যৎসাজীবী পরিবার ২০০০, ভাতী পরিবার ২০টি, সুতার পরিবার ১০০টি, কর্মকার ১২৫টি, ভূমিহীন কৃষক পরিবার ৭০০০।

যোগাযোগ

অবহেলিত উচ্চ বিশ্বস্তরপুর উপজেলাটি কোন ধরনের সুস্থ আধুনিক যোগাযোগের ব্যবস্থা নেই, সুনামগঞ্জ থেকে মাত্র ১১ মাইল বাস্তাটি আজও যানবাহন দূরের কথা পায়ে ইটারও ব্যবস্থা হয়নি।